মানসম্মত কর্মপদ্ধতি

Standard Operating Procedures

# পেশাগত দুর্ঘটনা তদন্ত

# OCCUPAONAL ACCIDENT INVESTIGATION

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্হান মন্ত্রণালয়

# পেশাগত দুর্ঘটনা তদন্ত

## ১. কর্মক্ষেত্রে দুর্ঘটনা

কর্মক্ষেত্রে দুর্ঘটনা ব্যবস্থাপনা শ্রম পরিদর্শন কার্যক্রমের এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে রয়েছে এবং একে অধিদপ্তরের অন্যতম অগ্রাধিকারপ্রাপ্ত বিষয় হিসেবে গণ্য করা হয়। শ্রম আইনে পেশাগত সেইফটি ও স্বাস্থ্য সংক্রান্ত যাবতীয় বিধান মূলত কর্মক্ষেত্রকে নিরাপদ ও ঝুঁকিমুক্ত করা, দুর্ঘটনা ও পেশাগত ব্যাধিকে রোধ করা এবং শ্রমিকের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত হয়েছে। কর্মক্ষেত্রে সংঘটিত দুর্ঘটনার সঠিক কারণ নির্ণয়ের মাধ্যমে ভবিষ্যতে অনুরূপ বিষয়ের পুনরাবৃত্তি রোধকল্পে প্রতিরোধ ও প্রতিকারমূলক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যেই মূলত দুর্ঘটনার তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। একটি দুর্ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ বাস্তবায়িত হয়ে থাকে:

(ক) দুর্ঘটনার প্রকৃত কারণ চিহ্নিত করে প্রয়োজনীয় যান্ত্রিক, কারিগরি বা রাসায়নিক উৎকর্ষ সাধন এবং শ্রমিকদের প্রশিক্ষণ ও সুষ্ঠু তদারকির মাধ্যমে ভবিষ্যতে অনুরূপ দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধ করা;

(খ) যে নিয়ম, রীতি বা পদ্ধতির পরিবর্তন বা বিচ্যুতির কারণে দুর্ঘটনাটি ঘটেছে তা চিহ্নিত করা (পদ্ধতি বিশ্লেষণ);

(গ) শ্রমিক ও তত্ত্বাবধায়কদের নির্দিষ্ট বিপদ সম্পর্কে সচেতন করা এবং দুর্ঘটনা প্রতিরোধে মনোযোগী করা; এবং

(ঘ) নির্দিষ্ট দুর্ঘটনার আইনগত দায় নিরূপণ করা।

## ২. দুর্ঘটনা সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যম

২.১. প্রতিষ্ঠানে সংঘটিত দুর্ঘটনার প্রকৃতি ও মাত্রা অনুযায়ী পরিদর্শকসহ বিভিন্ন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য মালিকপক্ষের উপর শ্রম আইনে যে অবশ্যপালনীয় বিধান রয়েছে প্রধানত তার মাধ্যমে পরিদর্শন কর্তৃপক্ষ এবিষয়ে প্রাথমিক তথ্য পেয়ে থাকেন। দুর্ঘটনার প্রকৃতি অনুযায়ী নিম্নোক্ত প্রক্রিয়া ও সময়ের মধ্যে পরিদর্শকগণ এবিষয়ে অবহিত হয়ে থাকেন:

| ক্রমিক নং | দুর্ঘটনার প্রকৃতি | পরিণতি | রিপোর্টিং ডেডলাইন | মাধ্যম |
|---|---|---|---|---|
| ০১ | মারাত্মক (Fatal) দুর্ঘটনা | মৃত্যু | তাৎক্ষণিকভাবে | • ফোন, ফ্যাক্স, ই-মেইল বা বিশেষ বাহক মারফত |
| | | | পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে | • ফরম নং-২৭<br>• অনলাইনে LIMA'র মাধ্যমে |
| ০২ | গুরুতর (Serious) দুর্ঘটনা | ২০ দিনের অধিক অনুপস্থিতি | তাৎক্ষণিকভাবে | • ফোন, ফ্যাক্স, ই-মেইল বা বিশেষ বাহক মারফত |

[১] শ্রম আইনের ধারা ৮০ ও ৮১ এবং বিধিমালার বিধি-৬৯,৭০ ও ৭১ অনুয়ায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর আরোপিত রিপোর্ট প্রদানের নির্দেশনামূলক বিধান দুর্ঘটনার বিষয়ে পরিদর্শন কর্তৃপক্ষের অবহিত হওয়ার প্রধান উৎস।

| ক্রমিক নং | দুর্ঘটনার প্রকৃতি | পরিণতি | রিপোর্টিং ডেডলাইন | মাধ্যম |
|---|---|---|---|---|
| | | | পরবর্তী দুই কর্ম দিবসের মধ্যে | • ফরম নং-২৭<br>• অনলাইনে LIMA'র মাধ্যমে |
| ০৩ | সামান্য (minor) দুর্ঘটনা, | ২ দিন হতে ২০ দিন অনুপস্থিতি | ৭ দিনের মধ্যে | • ফরম নং-২৭<br>• অনলাইনে LIMA'র মাধ্যমে |
| ০৪ | বিপজ্জনক ঘটনা | বিস্ফোরণ, অগ্নিকাণ্ড, ভবনধস, মেশিনে বিপর্যয়ের ঘটনা, কোনো কিন্তু ছাড়া হতাহত | ৩ কর্ম দিবসের মধ্যে | • ফরম নং-২৭(খ)<br>• অনলাইনে LIMA'র মাধ্যমে |

২.২ বিভিন্ন সংবাদ মাধ্যম, ইলেক্ট্রনিক মিডিয়া, সামাজিক যোগাযোগ মাধ্যম ও নিজস্ব সূত্রের মাধ্যমেও পরিদর্শক দুর্ঘটনার বিষয়ে অবহিত হতে পারেন।

## ৩. দুর্ঘটনাস্থলের প্রকৃত ধারণা গ্রহণ

১.৩ পরিদর্শক দুর্ঘটনা সম্পর্কে প্রাথমিক তথ্য সংগ্রহ ও প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসহ নিজেকে প্রস্তুত করবেন।

৩.২ দুর্ঘটনার প্রকৃত চিত্র অনুধাবনের জন্যে পরিদর্শক দুর্ঘটনার স্থান সরেজমিন পরিদর্শন করবেন[১]।

৩.৩ পরিদর্শক যাতে দুর্ঘটনা সম্পর্কে প্রকৃত ধারণা পান সেজন্য কারখানা কর্তৃপক্ষকে দুর্ঘটনাস্থলটি পরিদর্শক কর্তৃক পরিদর্শনের জন্যে অবিকৃত রাখতে বলবেন।

৩.৪ নিরাপত্তা বা উদ্ধারকাজের জন্যে দুর্ঘটনাস্থলের অবিকৃত রূপ সংরক্ষিত না থাকলে পরিদর্শক দুর্ঘটনার সময় উপস্থিত ব্যক্তিবর্গের সহায়তায় দুর্ঘটনাকালীন দৃশ্যপট বোঝার চেষ্টা করবেন, যাতে দুর্ঘটনা পূর্ববর্তী ও পরবর্তী অবস্থার ধারণা পাওয়া যায়।

৩.৫ পরিদর্শক প্রয়োজনবোধে দুর্ঘটনায় হতাহতের তথ্য পাওয়ার জন্য দুর্ঘটনাস্থলের আশেপাশের থানায় কিংবা হাসপাতালে খোঁজ নেবেন।

৩.৬ পরিদর্শক উর্ধ্বতন কর্তৃপক্ষকে দুর্ঘটনা সম্পর্কে অবহিত করবেন।

[১] শ্রম বিধি ৭২ অনুসারে।

# ৪ পরিদর্শক কর্তৃক দুর্ঘটনার তদন্ত বা অনুসন্ধান পদ্ধতি

৪.১ দুর্ঘটনা ঘটার পর সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে পরিদর্শক দুর্ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করবেন। পরিদর্শনকালে শ্রম পরিদর্শক –

(ক) দুর্ঘটনাস্থলে দুর্ঘটনা পরবর্তী অবিকৃত দৃশ্যপট সতর্কতার সাথে পর্যবেক্ষণ করবেন এবং দুর্ঘটনার পূর্ববর্তী অবস্থা সম্পর্কে ধারণা নেবেন;

(খ) দুর্ঘটনা সম্পর্কিত দলিলপত্র ও দুর্ঘটনাস্থলের ছবি ধারণ করবেন ; এবং

(গ) দুর্ঘটনা কবলিত আহত ব্যক্তিবর্গ ও উপস্থিত অন্যান্য সাক্ষীগণের সাক্ষ্য গ্রহণ ও লিপিবদ্ধ করবেন।

৪.২ সাক্ষ্য গ্রহণকালে দোষী সাব্যস্ত হওয়ার আশঙ্কায় কোনরূপ বিভ্রান্তিকর তথ্য দেয়া হচ্ছে কিনা- সে বিষয়ে পরিদর্শক সতর্ক থাকবেন এবং প্রয়োজনে পাল্টা যৌক্তিক প্রশ্ন বা যাচাই-বাছাই (cross-check) করবেন; সম্ভাব্য ক্ষেত্রে ভিডিও ফুটেজ পরীক্ষা করে দুর্ঘটনার প্রকৃত কারণ ও দায়-দায়িত্ব নিরূপণ করবেন;

৪.৩ পরিদর্শক যন্ত্রাংশের ত্রুটিজনিত কারণে সংঘটিত দুর্ঘটনায় (যেমন: ভাঙ্গা ধাতব অংশ , শিকল/তার ছিঁড়ে যাওয়া, ইত্যাদি) বস্তুর বাহ্যিক পর্যবেক্ষণ, গুণগত মান পরীক্ষা এবং প্রয়োজনে কারিগরি ও বিশেষজ্ঞ সহায়তা গ্রহণ করবেন (যেমন বস্তুর আনুবীক্ষণিক পরীক্ষা, নমুনা যাচাই বা রাসায়নিক বিশ্লেষণ);

৪.৪ পরিদর্শক যন্ত্র বা যন্ত্রাংশ ব্যবহার বিধি ও ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি ব্যবহারে কোন প্রকার ত্রুটি ছিল কিনা তা নির্ণয় করবেন;

৪.৫ পরিদর্শক দুর্ঘটনায় আহত ও নিহত ব্যক্তিগণের নাম, ঠিকানা, পদবী এবং প্রয়োজনে নিকটস্থ আত্মীয়দের সাথে যোগাযোগের ঠিকানা (ফোন নম্বরসহ) তালিকা প্রস্তুত করবেন ;

৪.৬ পরিদর্শক কোনো কাঠামো, ভবন বা যন্ত্রের বিপর্যয়ে নকশা, নির্মাণ নকশা বা যন্ত্র স্থাপনার ও রাসায়নিক বিষয়গুলো পরীক্ষা ও পর্যালোচনা করবেন, প্রয়োজনে বিশেষজ্ঞ সহায়তা নেবেন;

৪.৭ পরিদর্শক অদৃশ্যমান রাসায়নিক বিক্রিয়ার ফলে সংঘটিত দুর্ঘটনার প্রকৃত কারণ নির্ণয়ে বস্তুর নমুনার ল্যাবরেটরি টেস্ট করিয়ে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করবেন;

৪.৮ পরিদর্শক দুর্ঘটনার দায়-দায়িত্ব নিরূপণ করবেন, এবং

৪.৯ ভবিষ্যতে অনুরূপ দুর্ঘটনা প্রতিরোধের উপায় উদ্ভাবন ও পরামর্শ প্রদান করবেন।

৪.১০ দুর্ঘটনার তদন্তে শ্রম পরিদর্শক নিম্নোক্ত প্রশ্নসমূহের উত্তর জানবেন:

(ক) দুর্ঘটনাটিতে কে বা কারা হতাহত হয়েছে ?

(খ) কি ঘটেছে এবং এর নিয়ামক উপাদান কী কী ছিল ?

(গ) দুর্ঘটনাটি কখন ঘটেছে?

(ঘ) দুর্ঘটনাটি কোথায় ঘটেছে?

(ঙ) দুর্ঘটনাটি কিভাবে ঘটেছে?

(চ) কিভাবে অনুরূপ দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধ করা যায় ?

## ৫. পরিদর্শকের জন্যে তদন্ত সম্পর্কিত বিশেষ কৌশল

৫.১ পরিদর্শক দুর্ঘটনার তদন্তকালে দুর্ঘটনাস্থলের চিত্র ক্যামেরায় ধারণ করবেন;

৫.২ সংশ্লিষ্ট মেশিনের আকার-আয়তনের নকশা অঙ্কন করবেন;

৫.৩ কর্মস্থল ছাড়াও প্রয়োজনে হাসপাতাল, বাসা বা অবস্থানস্থলে গিয়ে দ্রুত আহত ব্যক্তিবর্গের সাক্ষ্য গ্রহণ করবেন এবং সকল সাক্ষীর বক্তব্য লিপিবদ্ধ করে তাতে তাদের স্বাক্ষর গ্রহণ করবেন;

৫.৪ সাক্ষীগণের নাম, বয়স, পেশা এবং দুর্ঘটনার সময় ও তারিখ লিপিবদ্ধ করবেন;

৫.৫ প্রয়োজনে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বস্তুর নমুনা সংগ্রহ করবেন;

৫.৬ পরিদর্শক তদন্ত কার্যক্রমে *সংযোজনী-১: দুর্ঘটনার তদন্ত চেকলিস্ট* অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য সংগ্রহ করবেন।

## ৬. দুর্ঘটনার কারণ নির্ণয় ও পরবর্তী করণীয়

৬.১ দুর্ঘটনার কারণ নির্ণয়ের ক্ষেত্রে পরিদর্শক ত্রিমাত্রিক লক্ষ্য নিয়ে কাজ করবেন। যেমন:

(ক) দুর্ঘটনার তাৎক্ষণিক কারণ নির্ণয় করবেন (যেমন- তারটি ছিঁড়েছে, কারণ এটি ক্ষয়ে গিয়েছিল, অথবা তারটির ভার বহন ক্ষমতার তুলনায় বেশি ওজন চাপানো হয়েছিল; অথবা সিঁড়িতে লোকটি পড়ে গিয়েছিল, কারণ এর একটি ধাপ ভাঙ্গা ছিল);

(খ) কারণের অস্পষ্টতা থাকলে সম্ভাব্য মূল কারণ নির্ণয় করবেন (যেমন- বয়সজনিত দুর্বলতা নিয়ে রাতের পালায় কাজ করতে গিয়ে সৃষ্ট ক্লান্তি ও অবসাদ সেই ব্যক্তির আক্রান্ত হওয়ার কারণ );

(গ) আইনগত বিধি বিধান প্রতিপালনে ব্যর্থতার কোনো কারণ রয়েছে কিনা- তা নির্ণয় করবেন।

৬.২ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা জানার পর পরিদর্শক প্রাসঙ্গিক বিষয়গুলি তুলে ধরে একটি স্পষ্ট প্রতিবেদন প্রস্তুত করবেন (*সংযোজনী-২: দুর্ঘটনার তদন্ত প্রতিবেদন*) এবং পরবর্তী করণীয় স্থির করবেন। এক্ষেত্রে তদন্তকারী পরিদর্শক নিম্নোক্ত যে কোন একটি সিদ্ধান্ত গ্রহণ করবেন:

(ক) সুস্পষ্টভাবে আইনের বিধান ভঙ্গের জন্যে দুর্ঘটনাটি ঘটেছে- এমন সিদ্ধান্তের ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে একটি অভিযোগপত্র প্রস্তুত করবেন এবং আইন ও প্রশাসনিক নির্দেশানুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) মালিক বা শ্রমিকের অজ্ঞতা বা অসতর্কতাই দুর্ঘটনার জন্যে দায়ী- এরূপ ক্ষেত্রে পরিদর্শক নিরাপত্তা সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বিষয়ে পরামর্শ প্রদান করবেন;

(গ) দুর্ঘটনাটি ঘটেছে স্পষ্টত: শ্রমিকের শারীরিক অবস্থার কারণে এবং প্রতিষ্ঠানের কোন কিছুই এর সাথে সম্পৃক্ত নয়- এরূপ ক্ষেত্রে পরিদর্শক ভবিষ্যতে সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করবেন;

(ঘ) দুর্ঘটনাটি এমন কোনো কারণে ঘটেছে যা সরাসরি আইনের আওতায় আসে না- এরূপ ক্ষেত্রে পরিদর্শক দুর্ঘটনাস্থলে তাৎক্ষণিক কোনো প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কিংবা বিশেষ প্রক্রিয়া বা যন্ত্র বা রাসায়নিক পদার্থ ব্যবহার নিষিদ্ধ করবেন এবং জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিষয়টি যোগ্য কর্তৃপক্ষের দৃষ্টিতে আনবেন।

সংযোজনী ১: দুর্ঘটনা তদন্ত চেকলিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর**

www.dife.gov.bd

# দুর্ঘটনা তদন্ত চেকলিস্ট

১। ***তদন্তের তারিখ ও সময়:***

২। ক) প্রতিষ্ঠান/কারখানার নাম : ----------------------------------------------------------------

খ) পূর্ণ ডাক ঠিকানা : -----------------------------------------------------------------

ডাকঘর : ---------------------------------- থানা : ---------------------

জেলা : -----------------------------------------------------------------

৩। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য:

| ক্রমিক নং | *নাম ও পদবী (১)* | পিতার নাম (২) | মাতার নাম (৩) | পদবী (৪) | *মোবাইল নং* | ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |

৪। প্রধান কার্যালয় : ---------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------/

৫। ক) **কারখানার ধরন (সেক্টর)**: -----------------------------------------------------------

খ) প্রধান উৎপাদন পণ্য/ সেবা ও উৎপাদন প্রক্রিয়া: ...........................

গ) ব্যবহৃত কাচামাল: ..................................................

৬। রেজিস্ট্রেশন:

| নং | কর্তৃপক্ষের নাম | লাইসেন্স নম্বর | তারিখ | নবায়ন | ক্যাটাগরি |
|---|---|---|---|---|---|
| ১ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | | | | |
| ২ | ট্রেড লাইসেন্স | | | | |
| ৩ | ফায়ার লাইসেন্স | | | | |
| ৪ | বৈদ্যুতিক সক্ষমতা | | | | |
| ৫ | বয়লার লাইসেন্স | | | | |
| ৬ | পরিবেশ ছাড় | | | | |
| ৭ | গ্যাস সংযোগ অনুমোদন | | | | |
| ৮ | বিস্ফোরক লাইসেন্স | | | | |

৭। শ্রমিক সংক্রান্ত তথ্য:

| নং | নিয়োগের ধরন | পুরুষ শ্রমিক | নারী শ্রমিক | কিশোর | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | সরাসরি | | | | |
| ২ | ঠিকাদারি | | | | |

৮। জনবল সরবরাহকারী ঠিকাদারের তথ্য:

৯। দুর্ঘটনার দিন উপস্থিত শ্রমিকের সংখ্যা: পুরুষ:..........+মহিলা:........=মোট:........

১০। ভবন সংক্রান্ত তথ্য:

মালিকের নাম ও পরিচিতি: ..................................

ভবনের ধরন ও তলার সংখ্যা: ...............................

অন্যান্য: ................................................

১১।   *ক. দুর্ঘটনার তারিখ ও সময়: . . . . . . . . . . . .*

*খ. কারখানায় কাজ শুরুর সময়: . . . . . . . . . . . . .*

*গ.* কাজ শুরু ও দুর্ঘটনার সময়ের মধ্যে পার্থক্য: ............................

১২। ক. দুর্ঘটনার স্থান/শাখা/বিভাগ:

খ. দুর্ঘটনার ধরন (ফরম-২৭(ক)অনুযায়ী সামান্য/গুরুতর/মারাত্মক বা মৃত্যু):

গ. দুর্ঘটনায় অক্ষমতার ধারণ (ফরম-২৭(ক)অনুযায়ী অঙ্গহানি/আঘাতের স্থান):

ঘ. দুর্ঘটনার ধরনের শ্রেণীবিভাগ (ফরম-২৭(ক)অনুযায়ী):

ঙ.  দুর্ঘটনার সহায়ক বস্তু (ফরম-২৭(ক)অনুযায়ী):১৩। দুর্ঘটনায় আহত/নিহত ব্যক্তির তথ্য:

| নং | নাম ও পদবী | পিতার নাম:<br>মাতার নাম: | চাকুরীতে যোগদানের তারিখ | আহত/ নিহত/ সংশ্লিষ্ট | বয়স লিঙ্গ | বেতন |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| ৩ | | | | | | |
| ৪ | | | | | | |

১৪। প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত তথ্য:

ক) ডাক্তারের নামঃ

খ) চিকিৎসার ধরণ:

গ) হাসপাতাল/ক্লিনিকের নাম:

১৫। দুর্ঘটনা কিভাবে ঘটেছে (সংক্ষিপ্ত বিবরণ)?

১৬। ক. দুর্ঘটনার স্থানে কী কাজ হচ্ছিল?

খ. কর্মক্ষেত্রে কোন অস্বাভাবিকতা/ ভিন্ন অবস্থা ছিল কিনা?

গ.  দুর্ঘটনা প্রতিরোধ ব্যবস্থা ছিল কিনা? থাকলে তা ব্যবহার করা হত কিনা?

১৭। দুর্ঘটনা কবলিত ব্যক্তি/ব্যক্তিগণের দুর্ঘটনার ঝুঁকি জানা ছিল কি? জানা থাকলে নিয়ন্ত্রণ করা যায়নি কেন?

১৮। দুর্ঘটনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্র (Work station**)** ব্যবস্থাপনার প্রভাব রয়েছে কিনা?

১৯। রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা পর্যাপ্ত ছিল কিনা? (না থাকলে, কেন পর্যাপ্ত নয়?)

২০। সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিগণ দক্ষ ও উপযুক্ত কিনা?

২১। কর্মক্ষেত্রের লেআউট দুর্ঘটনায় প্রভাব ফেলেছে কিনা?

২৩। কোন জিনিস (বস্তু/ দ্রব্য/ পদার্থ) এর প্রকৃতি বা আকৃতি দুর্ঘটনায় প্রভাব ফেলেছে কিনা?

২৪। সরঞ্জাম ব্যবহারে অসুবিধা দুর্ঘটনায় প্রভাব ফেলেছে কিনা?

২৫। পর্যাপ্ত সুরক্ষা সরঞ্জাম ছিল কিনা?

২৬। অন্য কোন বিষয় দুর্ঘটনাটিকে প্রভাবিত করেছে?

২৭। দুর্ঘটনার কারণসমূহ:

১) তাৎক্ষণিক কারণ :

২) অন্তর্নিহিত কারণ :

৩) মূল কারণ:

২৮। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে একই ধরনের দুর্ঘটনা অন্য কোথাও  ঘটার সম্ভাবনা আছে কী? থাকলে কোথায়?

২৯। ক) কারখানা/প্রতিষ্ঠানটি ইতিপূর্বে পরিদর্শন করা হয়েছিল কি ? যদি হয়ে থাকে, সর্বশেষ পরিদর্শনের তারিখ কত ?

খ) নিরাপত্তা বিষয়ক কোন লঙ্ঘন ছিল কিনা ? লিখুন

গ*)* চিহ্নিত লংঘনসমূহ কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন করা হয়েছিল কিনা*?*

ঘ*)* চিহ্নিত লঙ্ঘনসমূহ সংশোধন না করা হয়ে থাকলে*,* কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কিনা*?*

৩০। প্রতিষ্ঠানটিতে আগে কোন দুর্ঘটনা ঘটেছিল? (বিবরণ)

৩১। প্রত্যক্ষদর্শী ব্যক্তির সাক্ষ্য:

| নং | সাক্ষ্যদানকারী | মন্তব্য | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | নাম ও পদবী:<br>পিতার নাম:<br>মাতার নাম:<br>পরিচয়পত্র নং:<br>বয়স : | | |
| ২ | | | |
| ৩ | | | |

৩২। সুপারিশ:

তদন্তের সময় উপস্থিত ব্যবস্থাপনা কর্তৃপক্ষ:

| | নাম ও পদবী | স্বাক্ষর ও সিলমোহর |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |

তদন্ত কমিটির পক্ষে:

নাম ও পদবি:

স্বাক্ষর ও সিলমোহর

তদন্ত কমিটির সদস্যবৃন্দ:

| | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |
| ৪ | | |

## <u>সংযোজনী ২ঃ দুর্ঘটনা তদন্ত প্রতিবেদন</u>

# দুর্ঘটনার তদন্ত প্রতিবেদন

১. ক) তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী:

খ) তদন্তের তারিখ ও সময়:

গ) তদন্তের সময় উপস্থিত ব্যবস্থাপনা কতৃপক্ষের নাম ও পদবী:

২. কারখানা/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

৩. কারখানা/প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের ঠিকানা (ফোন নম্বর ও ই-মেইলসহ):

৪. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য:

| ক্রমিক নং | *নাম* | পিতার নাম | মাতার নাম | পদবী | *মোবাইল নং* | ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |

৫. ক) ব্যবসা /সেবার ধরন:

খ) প্রধান উৎপাদন পণ্য/ সেবা ও উৎপাদন প্রক্রিয়া:

গ) ব্যবহৃত কাচামাল:

৬. রেজিস্ট্রেশন**:**

| নং | কর্তৃপক্ষের নাম | লাইসেন্স নম্বর | তারিখ | নবায়ন | ক্যাটাগরি |
|---|---|---|---|---|---|
| ১ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | | | | |
| ২ | ট্রেড লাইসেন্স | | | | |
| ৩ | ফায়ার লাইসেন্স | | | | |
| ৪ | বৈদ্যুতিক সক্ষমতা | | | | |
| ৫ | বয়লার লাইসেন্স | | | | |
| ৬ | পরিবেশ ছাড়পত্র | | | | |
| ৭ | গ্যাস সংযোগ অনুমোদন | | | | |
| ৮ | বিস্ফোরক লাইসেন্স | | | | |

৭.	ক) শ্রমিক সংক্রান্ত তথ্য:

| নং | নিয়োগের ধরন | পুরুষ শ্রমিক | নারী শ্রমিক | কিশোর শ্রমিক | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | সরাসরি | | | | |
| ২ | ঠিকাদারি | | | | |

খ) জনবল সরবরাহকারী ঠিকাদারের তথ্য:

৮.	ক) দুর্ঘটনার তারিখ ও সময়:

খ) কাজ শুরু ও দুর্ঘটনার সময়ের মধ্যে পার্থক্য:

৯. দুর্ঘটনার সংক্ষিপ্ত বর্ণনা (কারণ ও ফলাফলসহ):

ক. সংক্ষিপ্ত বর্ণনা:

খ. ফলাফল:

গ. দুর্ঘটনার কারণসমূহ:

১) **তাৎক্ষণিক কারণ** :

**২) অন্তর্নিহিত কারণ :**

**৩) মূল কারণ:**

১০.  ক. দুর্ঘটনা সংঘঠনের স্থান/শাখা/বিভাগ:

খ. দুর্ঘটনার ধরন (ফরম-২৭(ক)অনুযায়ী সামান্য/গুরুতর/মারাত্মক বা মৃত্যু):

গ. দুর্ঘটনায় অক্ষমতার ধারণ (ফরম-২৭(ক) অনুযায়ী অঙ্গহানি/আঘাতের স্থান):

ঘ. দুর্ঘটনার ধরণের শ্রেণীবিভাগ (ফরম-২৭(ক) অনুযায়ী):

ঙ. দুর্ঘটনার সহায়ক বস্তু (ফরম-২৭(ক) অনুযায়ী):

১১.  প্রত্যক্ষদর্শী ব্যক্তিদের স্বাক্ষ্য:

| নং | প্রত্যক্ষদর্শী | মন্তব্য |
|---|---|---|
| ১ | ক) নাম<br>খ) পিতার নাম:<br>গ) পদবী:<br>ঘ) বয়স:<br>ঙ) লিঙ্গ:<br>চ) অবস্থান: | |
| | | |
| | | |

১২.  ক) দুর্ঘটনার দিনে কর্মরত শ্রমিক সংখ্যা:

| নং | পুরুষ | মহিলা | কিশোর/ প্রতিবন্ধী/ অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

খ) দুর্ঘটনা কবলিত ব্যক্তিদের সংখ্যা:

| নং | অবস্থা/ক্ষতি | পুরুষ | মহিলা | কিশোর/ প্রতিবন্ধী/অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | অসুস্থ | | | | |
| ২ | আহত | | | | |
| ৩ | নিহত | | | | |

গ) দুর্ঘটনায় অসুস্থ/ আহত/ নিহত ব্যক্তি/ ব্যক্তিদের তথ্য:

| নং | অসুস্থ/ আহত/ নিহত | নাম ও পদবি | পিতা/ মাতা/ স্বামীর নাম | বয়স | লিঙ্গ | চাকুরিতে যোগদানের তারিখ | বেতন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | |
| ২ | | | | | | | |
| ৩ | | | | | | | |

১৩. প্রাথমিক চিকিৎসা সম্পর্কিত তথ্য:

১৪. তদন্তকারী কর্মকর্তার পর্যবেক্ষন:

১৫. সুপারিশ/পরামর্শ:

ক) আইনগত পরামর্শ:

খ) কার্যকরী ব্যবস্থার সুপারিশ:

তদন্ত কমিটির সদস্যবৃন্দ:

| | নাম ও পদবী | স্বাক্ষর ও সিলমোহর |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |
| ৪ | | |

০৪/১১/২০২০
শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

০৪/১১/২০২০
মোঃ এজাজ আহমেদ জাবের
অতিরিক্ত মহাপরিদর্শক
(যুগ্ম সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

০৪/১১/২০২০
মোঃ কামরুল হাসান
উপমহাপরিদর্শক (চঃ দাঃ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
[illegible] আহাম্মদ
যুগ্ম মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
ডাঃ সৈয়দ আবুল এহসান
যুগ্ম মহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

Alam
০৪.১১.২০২০
মোঃ সামছুল আলম খান
যুগ্ম-মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
সাবিহা মুক্তা
উপ-মহাপরিদর্শক (চঃ দাঃ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়
ঢাকা।

০৪/১১/২০২০
মোঃ মেহেদী হাসান
উপ মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
মোঃ মতিউর রহমান
উপমহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

৪.১১.২০২০
ডা. মো. মোস্তাফিজুর রহমান
যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।